

গ্লাসগো ২০১৪ কমনওয়েলথ্ গেমস-এর ওয়েবসাইটে আপনাদের স্বাগত জানাই । ১১ দিনব্যাপী যে ক্রীড়ানুষ্ঠান গ্লাসগোতে অনুষ্ঠিত হবে এবং যা সারা বিশ্বের কোটি কোটি ক্রীড়ানুরাগীদের মনোযোগ আকর্ষণ করবে ও তাদের অনুপ্রাণিত করবে, সেই ক্রীড়ানুষ্ঠানের বিষয়ে আপনার যা কিছু জানা প্রয়োজন সবই আপনি এখানে পাবেন ।

আন্তর্জাতিক ক্রীড়ানুষ্ঠান হিসাবে কমনওয়েলথ্ গেমস-এর একটা চমৎকার উত্তরাধিকার আছে । প্রতি চার বছর অন্তর এই ক্রীড়ানুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে এবং বিভিন্ন ধরনের খেলায় ৭০টা দেশের ৬৫০০ জন ক্রীড়াবিদ ও কর্মকর্তারা এতে যোগ দেন, যার কেন্দ্রস্থলে রয়েছে তীর প্রতিযোগিতা, পারম্পরিক সম্মান ও বন্ধুত্বের সম্পর্ক ।

২০১৪ সালের বুধবার ২৩শে জুলাই থেকে রবিবার ৩রা অগাস্ট এই “বন্ধুত্বপূর্ণ ক্রীড়ানুষ্ঠানের” আয়োজক হিসাবে গ্লাসগো শহর গর্ব অনুভব করছে এবং স্কটল্যান্ডের তরফ থেকে সব কমনওয়েলথ্ দেশগুলির বন্ধুদের স্বাগত জানাচ্ছে । বন্ধুত্বপূর্ণ ও উদার ব্যবহার এবং আমুদে স্বভাবের জন্য বিখ্যাত এই শহর কমনওয়েলথ্ গেমস-এর জন্য উৎসুক আগ্রহে অপেক্ষা করে আছে ।

কমনওয়েলথ্ গেমস ঘটতে এখনো কয়েক বছর দেরি আছে কিন্তু গ্লাসগো শহরে এখন থেকেই যথেষ্ট প্রস্তুতি নেওয়া হচ্ছে যাতে নিশ্চিত করা যায় যে এই ক্রীড়ানুষ্ঠান একটা দেখবার মত ঘটনা বলে গণ্য হবে ও হাজার হাজার সুখস্মৃতি সকলের মনে ধরা থাকবে । আমরা চাই যে সকল দর্শক, প্রতিযোগী, স্বেচ্ছাসেবী ও স্কটল্যান্ডের অতিথিরা এই বিশেষ অনুষ্ঠানের আনন্দ ভাগ করে নেবে ।

গ্লাসগো শহরের জন্য ২০১৪ সালের কমনওয়েলথ্ গেমস ১৭টি বিভিন্ন ধরনের খেলাধুলায় সমৃদ্ধ একটা ক্রীড়ানুষ্ঠানের থেকে অনেক বেশি । এর অর্থ হল গ্লাসগো শহরের পূর্বাঞ্চলে এক বিরাট অনুন্নত এলাকার পুনরুজ্জীবন ঘটবে এবং সমগ্র স্কটল্যান্ডের জন্য অর্থনৈতিক, সামাজিক ও খেলাধুলার জগতে একটা উত্তরাধিকারের সৃষ্টি হবে । আগামী মাস ও বছরগুলিতে আমরা এই কাহিনী ধীরে ধীরে আপনাদের শোনাতে থাকব । এখনকার মত এখানেই অনুপ্রেরণার সূত্রপাত ।